



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৭ অক্টোবর ২০১৭খ্রি.

এ শহরের উন্নয়ন এবং পরিবেশ বান্ধব দৃষ্টিনন্দন নগরী গড়ার ক্ষেত্রে আর্থিক সক্ষমতা প্রয়োজন ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ব্যবসায়ী সমিতির অভিষেক অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন নগর উন্নয়নে ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করে বলেন, নাগরিকদের ট্যাক্সের বিনিময়ে সরকার ও স্থানীয় সরকার নাগরিক সেবা নিশ্চিত করে থাকে। চট্টগ্রাম আপনার আমার প্রিয় শহর। এ শহরের উন্নয়ন এবং পরিবেশ বান্ধব দৃষ্টিনন্দন নগরী গড়ার ক্ষেত্রে আর্থিক সক্ষমতা প্রয়োজন। এ ক্ষেত্রে সরকারের সহযোগিতা অব্যাহত থাকলেও নাগরিকদের সহযোগিতাও প্রয়োজন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন আইনের বাধ্যবাধকতায় পঞ্চবার্ষিকী পৌরকর পুনঃমূল্যায়ন প্রাথমিকভাবে সম্পন্ন করেছে। এ পুনঃমূল্যায়ন বিষয়ে সম্মানিত নাগরিকদের যাবতীয় আপত্তি ও অভিযোগ নিষ্পত্তি করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অত্যন্ত আন্তরিক। এ লক্ষ্যে ৮টি রিভিউ বোর্ড গঠন করা হয়েছে। রিভিউ বোর্ডে সভাপতির দায়িত্বে আমি নিজেই আছি। প্রত্যেক হোল্ডার এর পৃথক পৃথক শুনানী অনুষ্ঠিত হবে। শুনানীতে প্রত্যেকের ওজর আপত্তি আমলে এনে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পৌরকর সহনীয় পর্যায়ে নিষ্পত্তি করা হবে। তিনি এক্ষেত্রে দোকান মালিক ব্যবসায়ী সহ সকল শ্রেণী ও পেশার সম্মানিত নাগরিকদের সহযোগিতা কামনা করেন। ২৬ অক্টোবর ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, রাতে নগরীর কাজীর দেউরীস্থ ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ব্যবসায়ী সমিতির অভিষেক-২০১৭ উপলক্ষে অনুষ্ঠিত ব্যবসায়ী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সহযোগিতা কামনা করেন। সংগঠনের আহবায়ক হাজী মোহাম্মদ জাকির হোসেনের সভাপতিত্বে ভিআইপি ব্যাংকুইট এ অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, এইচ বি এস এসোসিয়েটের সত্বাধিকারী আলহাজ্ব এম এ হোছাইন, আওয়ামীলীগ নেতা বেলাল আহমদ, হাসিবুল সোহাগ চৌধুরী সাকিব, অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নব নির্বাচিত সভাপতি ডা. মাসুদ আহমদ, সাধারণ সম্পাদক কামাল উদ্দিন ও অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে প্রবীর কুমার চৌধুরী, আরশাদ হোসেন, কে এম ইমতিয়াজ ও নজরুল ইসলাম। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ জালাল হোসেন। অনুষ্ঠানে নব নির্বাচিত নেতৃবৃন্দকে শপথবাক্য পাঠ করান মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে মেয়র ও বিশেষ অতিথিদের ফুল ও ক্রেস্ট দিয়ে বরণ করা হয় এবং নির্বাচিত সদস্যদের মাঝে সনদ বিতরণ করা হয়।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা